



DEPARTMENT OF SCHOOL EDUCATION
GOVERNMENT OF TRIPURA

HANDBOOK


FOR

**DISTRICT EDUCATION OFFICERS,
INSPECTOR OF SCHOOLS,
DEPUTY INSPECTOR OF SCHOOLS
AND
RESOURCE PERSONS (SSA)**

Published by :

State Project Office,
SSA Rajya Mission, Tripura
Education (School) Department
Government of Tripura.

May-2015



শিক্ষার অধিকার

সবশিক্ষা অভিযান
সবাই পড় সবাই এগিয়ে পড়
জ্ঞান পরিমিত জ্ঞান বিমলকান্ত বিশ্বাসী

শিশুদের অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষার অধিকার আইন, ২০০৯ এবং রাজ্য বিধি, ২০১১- তে বর্ণিত শিশুদের মুখ্য অধিকার সমূহের তালিকা।

- ◆ ৬ (ছয়) থেকে ১৪ (চৌদ্দ) বৎসরের প্রত্যেক শিশুর প্রাথমিক শিক্ষা শেষ না হওয়া পর্যন্ত পার্শ্ববর্তী কোন বিদ্যালয়ে অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষা গ্রহণ করার অধিকার থাকবে।
- ◆ ৫ম শ্রেণী পর্যন্ত ভর্তির ক্ষেত্রে পার্শ্ববর্তী প্রাথমিক বিদ্যালয়ের দূরত্ব ১ কিলোমিটার এবং ৬ষ্ঠ শ্রেণী থেকে ৮ম শ্রেণী পর্যন্ত ভর্তির ক্ষেত্রে উচ্চ প্রাথমিক বিদ্যালয়ের দূরত্ব ৩ কিলোমিটারের অধিক হবে না।
- ◆ যে শিশু প্রাথমিক শিক্ষা শেষ করতে পারেনি অথবা কোনদিন বিদ্যালয়ে ভর্তি হয়নি সে বয়সানুসারে যথোপযুক্ত শ্রেণীতে ভর্তি হতে পারবে।
- ◆ স্থানান্তরনের শংসাপত্রের ভিত্তিতে প্রত্যেক শিশু যে কোন সরকারী এবং সরকারী অনুদানপ্রাপ্ত বিদ্যালয়ে ভর্তি হতে পারবে।
- ◆ বিদ্যালয়ে ভর্তি হওয়ার সময়ে ৬ থেকে ১৪ বৎসরের কোন শিশুকে মেধা যাচাইয়ের জন্য কোন ভর্তি পরীক্ষা নেওয়া যাবে না।
- ◆ শিশুকে বা তার মাতাপিতা বা অভিভাবককে কোন বিদ্যালয় বা ব্যক্তিবর্গকে কোন প্রকার কেপিটেশন/ডোনেশন দেওয়ার প্রয়োজন হবে না।
- ◆ SC/ST/OBC/RM এর মধ্যে যারা BPL পরিবারের অন্তর্ভুক্ত এবং অন্যান্য BPL শ্রেণীভুক্ত শিশুদের বাড়ীর পার্শ্ববর্তী বেসরকারীভাবে পরিচালিত সরকারী অনুদানপ্রাপ্ত এবং অনুদানবিহীন বিদ্যালয়ে ১ম শ্রেণীতে ভর্তির ক্ষেত্রে মূল আসন সংখ্যার কমপক্ষে ২৫ শতাংশ ভর্তির সুযোগ পাবে।
- ◆ ৬ থেকে ১৪ বৎসরের শিশুদের কাউকে প্রাথমিক শিক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন শ্রেণীতে আটকে রাখা যাবে না বা বিদ্যালয় থেকে বহিষ্কার করা যাবে না।
- ◆ প্রতিটি শিশুর কোন প্রকার শারীরিক ও মানসিক নির্যাতন ব্যতিরেকে ৮ম মান পর্যন্ত শিক্ষা পাওয়ার অধিকার থাকবে।
- ◆ প্রয়োজনে ছাত্র-ছাত্রীর নিয়মিত পাঠ গ্রহণ ছাড়াও শ্রেণীকক্ষে অতিরিক্ত পাঠগ্রহণের সুযোগ থাকবে।
- ◆ ৬ থেকে ১৪ বৎসরের পাঠরত প্রত্যেক শিশু সরকারী এবং সরকারী অনুদানপ্রাপ্ত বেসরকারী বিদ্যালয়ে প্রত্যেকটি কর্ম দিবসে মধ্যাহ্ন-আহার পাবে।
- ◆ বয়সের প্রমাণপত্রের অভাবে কোন শিশুকে বিদ্যালয়ে ভর্তি করতে অস্বীকার করা যাবে না।
- ◆ শিশুদের অবৈতনিক ও বাধ্যতামূলক শিক্ষার অধিকার আইন, ২০০৯-এ উল্লেখিত অধিকার সমূহ যদি লঙ্ঘন করা হয় তবে প্রতিটি শিশু বা তার মাতা-পিতা অথবা অভিভাবকের স্থানীয় কর্তৃপক্ষের কাছে প্রতিবিধান চেয়ে অভিযোগ দায়ের করার অধিকার থাকবে।
- ◆ স্থানীয় কর্তৃপক্ষকে তিন মাসের মধ্যে অভিযোগ সম্পর্কে সিদ্ধান্ত নিতে হবে।
- ◆ স্থানীয় কর্তৃপক্ষের সিদ্ধান্তে সন্তুষ্ট না হলে সংশ্লিষ্ট অভিযোগকারী শিশুর অধিকার রক্ষা সংক্রান্ত রাজ্য শিশু অধিকার সুরক্ষা আয়োগ (SCPCR) বা শিক্ষা অধিকার রক্ষা সংক্রান্ত কর্তৃপক্ষের (REPA) নিকট পুনর্বিচার (আপীল) চাওয়ার অধিকার থাকবে।
- ◆ প্রত্যেক শিশু অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষা সমাপ্ত হওয়ার পর সংশ্লিষ্ট বিদ্যালয় প্রধানের শংসাপত্র পাবে।



Sri Tapan Chakraborty

MINISTER
Education, Industries & Commerce,
Information Technology and Law
Government of Tripura
Agartala – 799006, Tripura

MESSAGE

It gives me immense pleasure to know that the State Office of Sarva Shiksha Abhiyan Rajya Mission, Tripura, is going to bring out a comprehensive handbook containing materials portraying various administrative and academic roles and responsibilities of the Inspector and Deputy Inspector of Schools and Resource Persons of SSA.

I am hopeful that this handbook will be a valuable document for the officials and would help them perform their duty efficiently and effectively.


I heartily congratulate the Officers and officials of the State SSA Mission for being able to bring out this Handbook within a very short period of time.

Tapan Chakraborty
4.5.15
[Tapan Chakraborty]

NUEPA DC



D14775





Dr. K. Rajeswara Rao, IAS

PRINCIPAL SECRETARY
Government of Tripura
School Education Department
Secretariat Building, Khejurbagan,
Agartala – 799006, Tripura

MESSAGE

Inspector and Deputy Inspector of Schools are, in true sense, the pillars of Educational monitoring and supervision. They are also the building blocks of educational administration in the State. Enhancement of their capacity and knowledge about academics and monitoring will not only let them perform their duties efficiently, but also help the entire education system of the State to excel qualitatively.

Resource Persons engaged under Sarva Shiksha Abhiyan (SSA) at the Block and Cluster levels also work towards enhancement of quality of education by carrying out frequent school visits, observing classroom transactions and providing feedbacks, which prove to be vital in terms of achieving the ultimate goals of this National level Flagship Programme, that contribute to development of human resource of the entire nation.

This handbook, a collection of materials depicting various roles and responsibilities of the above officials, will be immensely helpful in understanding and discharging their duties effectively. I thank the personnel involved in the process of compiling and preparing this handbook.

[DR. K. RAJESWARA RAO, IAS]



Sri P.K.Chakravarty, IAS


**ADDITIONAL SECRETARY
& DIRECTOR**

Education (School) Department
Government of Tripura
Agartala- 799001, Tripura

MESSAGE

In order to ensure quality of education, the role of the Inspector and Deputy Inspector of Schools is most vital. The State Office of Sarva Shiksha Abhiyan Rajya Mission, Tripura, is publishing a handbook for Inspector and Deputy Inspector of Schools and Resource Persons (SSA), which will enable and guide the officials for proper implementation of various schemes /programmes being implemented under School Education Department. In addition the handbook is a collection of materials describing various roles and responsibilities of the officials, which would be of immense help, while performing their duties efficiently.

I congratulate the State Office of Sarva Shiksha Abhiyan for preparing and publishing the handbook in a very short span of time.


05/05/2015

[P.K. CHAKRAVARTY, IAS]



Sri Uttam Kumar Chakma, TCS


**ADDITIONAL SECRETARY &
STATE PROJECT DIRECTOR**
SSA Rajya Mission, Tripura,
Education (School) Department,
Government of Tripura
Agartala – 799001, Tripura

MESSAGE

The department of School Education, Government of Tripura has issued several instructions to the Block-level Administrators (Inspectors and Deputy Inspectors of Schools) over a long period of time. These instructions / orders / memos etc. have been collected and published in the form of a Handbook. Apart from these instructions, this handbook also contains some major documents like the RTE Act, 2009, the State RTE Rules, 2010, Cash Book Management and several circulars etc. that are quite essential for an educational administrator and as a Head of Office and Drawing & Disbursing Officer. In a nutshell, this handbook will be the most essential document for an official of their stature.

Similarly, the State SSA Mission, during its continuous strives for improvement of quality of education, has outlined the responsibilities of its Block and Cluster-level Resource Persons. This handbook will be a priceless collection of documents and guidelines for effective monitoring and supervision of schools.

The State Project Office of SSA Tripura has done its best to come up with this handbook within a very short period of time. I wish that this handbook will serve the purpose for which it is published.


30.4.15.
[MR. U. K. CHAKMA]

INDEX

Chapter No.	CONTENTS	PAGE NO.
1	Appeal of the Hon'ble Education (School) Minister to the Teachers	11-13
2	Memo on 17 Action Points for the Head Masters and Head Mistresses on overall improvement of school functioning	15-25
3	D.O. Letter written by the Principal Secretary (School Education) to all DEOs, Inspector of Schools, Deputy Inspector of Schools and other Officers for improving Administrative and Academic functions of Schools	26-30
4	Guidelines and prescribed format for Inspection of Schools	31-47
5	Framework and Guideline on Comprehensive and Continuous Evaluation (CCE)	49-70
6	Roles and Responsibilities of Block/Urban and Cluster Resource Persons in providing academic support to Elementary Schools	71-98
7	Mid-Day-Meal Program	99-102
8	SSA and its interventions	103-110
9	RMSA and its interventions	111-126
10	Procurement and supply of Bi-Cycles to the Girl Students studying at Secondary level	127-128
11	Monitoring of Civil Works Construction, construction of toilets etc	129-135
12	District wise list of Inspectorates (State and TTAADC)	136-138
13	i) The Right to Education Act, 2009 (Principal Act with Amendments)	139-161
	ii) The Right of Children to Free and Compulsory Education Rules (Tripura) 2011	162-182
14	Roles and Responsibilities of Drawing & Disbursing Officer	183-212

শিক্ষক-শিক্ষিকাদের প্রতি মাননীয় বিদ্যালয় শিক্ষামন্ত্রী শ্রীযুক্ত তপন চক্রবর্তী মহাশয়ের আবেদন

শ্রদ্ধেয় শিক্ষকমন্ডলী,

আপনারা সকলে জানেন যে, একটা সময় ত্রিপুরা রাজ্যে শিক্ষার সুযোগ ছিল অত্যন্ত সংকুচিত, মাইলের পর মাইল হেঁটেও একটি বিদ্যালয় খুঁজে পাওয়া দুষ্কর ছিল। যেটুকু শিক্ষার সুযোগ ছিল তা ছিল শহর কেন্দ্রিক। ফলে যাটের দশক পর্যন্ত ত্রিপুরা রাজ্যের সিংহভাগ জনসাধারণ সাক্ষরতা ও শিক্ষার আওতার একেবারে বাইরে ছিল। এদিক ওদিক বিচ্ছিন্ন ভাবে যে গুটিকয় বিদ্যালয় মাথা তুলে দাঁড়িয়ে ছিল তারও শুভারম্ভের দীপ প্রজ্জ্বলিত করে ছিল ঐতিহাসিক জনশিক্ষা আন্দোলনের প্রেরণা। খুব বেশী দূরে নয়, আজ থেকে ১৫/২০ বৎসর আগের ত্রিপুরা রাজ্যের শিক্ষা ব্যবস্থার সঙ্গে বর্তমান সময়ের সম্প্রসারিত শিক্ষা ব্যবস্থার তুলনা করলেই এ রাজ্যের শিক্ষা ক্ষেত্রে উল্লেখযোগ্য অগ্রগতির স্পষ্ট চিত্র ধরা পড়ে।

আপনারা অবহিত আছেন বর্তমানে আমাদের রাজ্যে ৪৫৫১ টি সরকারী ও সরকার অনুদানপ্রাপ্ত বিদ্যালয় রয়েছে এবং ৩৯৩৯৯ জন শিক্ষক-শিক্ষিকা রয়েছে ৭২৫৬৩৬ জন শিক্ষার্থীদের শিক্ষা দান করার জন্য। গ্রাম-পাহাড়-শহর যেখানেই চোখ রাখা যায় সেখানেই শিক্ষা ব্যবস্থার নজর কাড়া পরিকাঠামোর ব্যাপক উন্নয়ন ভারতবর্ষের অন্য কোন রাজ্যে দেখা যাবে না। বিদ্যালয়ে অষ্টম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের জন্য রয়েছে বিনামূল্যের খাবার, বই-পত্র, পোষাক পরিচ্ছদ, অবৈতনিক শিক্ষা, বিভিন্ন বৃত্তি, অর্থনৈতিক ভাবে পিছিয়ে থাকা নবম-দশম শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য পুস্তকের ব্যবস্থা, মেয়েদের জন্য বাই-সাইকেল ইত্যাদি বিভিন্ন শিক্ষা সহায়ক সুযোগ সুবিধা। তাছাড়াও রয়েছে প্রতিটি বিদ্যালয়ে পানীয় জল, ছেলে ও মেয়েদের জন্য আলাদা শৌচাগার এবং দুঃস্থ পরিবারের ছেলে-মেয়েদের জন্য আবাসিক শিক্ষার ব্যবস্থা।

আপনারা ভেবে দেখেছেন কি, এতটা শিক্ষার বিস্তার, এত বিশাল সংখ্যক শিক্ষক-শিক্ষিকা এবং যাবতীয় সুযোগ সুবিধা থাকা সত্ত্বেও সূচু ভাবে বিদ্যালয় পরিচালনার প্রশ্নে এবং সন্তোষজনক উন্নত গুণমানের শিক্ষাদানের প্রশ্নে ত্রিপুরা রাজ্য কেন তুলনামূলক ভাবে পিছিয়ে রয়েছে? সামাজিক সুরক্ষা ও অন্যান্য জনকল্যাণমূলক প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে ত্রিপুরা রাজ্য সারা দেশে সাফল্যের শিরোপা অর্জন করলেও, সাক্ষরতার ক্ষেত্রে শীর্ষে থাকলেও একমাত্র উন্নতমানের শিক্ষাদানের ক্ষেত্রে এ রাজ্য মাথা তুলে দাঁড়াতে পারছেন না। এ ক্ষেত্রে যাওয়া কিছু সাফল্য রয়েছে তাও শহর ও শহরতলির সম্পন্ন ও মধ্যবিত্ত পরিবারের ছেলে-মেয়েদের মধ্যেই সীমাবদ্ধ রয়েছে। যারা গরীব, যারা বিশেষ করে গ্রাম-পাহাড়ের বিদ্যালয়ে পড়াশোনা করছে তারা গুণমানের শিক্ষা থেকে যে

পিছিয়ে, তা অস্বীকার করার উপায় নেই। সব কিছু থাকা সত্ত্বেও এরা প্রকৃত শিক্ষা পাচ্ছেনা কেন?

আমার বিশ্বাস এবিষয়ে আপনারা একমত হবেন যে, নিম্ন লিখিত বিষয় সমূহ ত্রিপুরা রাজ্যের বিদ্যালয় শিক্ষা ব্যবস্থার সুষ্ঠু পরিচালনা এবং সন্তোষজনক গুণমানের শিক্ষাদানের ক্ষেত্রে অন্তরায় হয়ে দাঁড়িয়েছে :-

- ১) কার্যকর বিদ্যালয় পরিচালনা ও সুষ্ঠু ব্যবস্থাপনার অভাব।
- ২) শিক্ষক - শিক্ষিকাদের একাংশের বিদ্যালয়ে অনিয়মিত উপস্থিতি এবং অনুপস্থিতি।
- ৩) প্রতিটি শিক্ষাদানের ক্ষেত্রে শিক্ষক - শিক্ষিকাদের পরিকল্পনা ও প্রস্তুতির অভাব।
- ৪) শ্রেণী শিক্ষাদানের প্রতি শিক্ষার্থীদের স্বতস্ফূর্ততা, ঔৎসুক্য, আনন্দ এবং আকর্ষণের অভাব।
- ৫) বিদ্যালয় উপযুক্ত শিক্ষাদান পদ্ধতির মাধ্যমে শিক্ষার্থীকে আকৃষ্ট করতে সমর্থ হচ্ছেনা।
- ৬) শিক্ষার আধুনিক মনোবিজ্ঞান সম্মত মূল্যায়নের অভাব।
- ৭) শিক্ষার্থীদের বিদ্যালয়ে অনিয়মিত উপস্থিতি এবং অনুপস্থিতি।
- ৮) গ্রাম ও পাহাড়ের কিছু বিদ্যালয়ে শিক্ষকের অভাব।
- ৯) বিদ্যালয়ের পুঁথিগত শিক্ষার অতিরিক্ত শিক্ষা সহায়ক কর্মসূচীর অভাব।
- ১০) কিছু সংখ্যক শিক্ষক - শিক্ষিকাদের মধ্যে শিক্ষাদান কার্যকে বৃহত্তর সামাজিক দায়বদ্ধতার দৃষ্টিতে দেখার প্রকৃত মানসিকতার অভাব। তারা শিক্ষকতাকে শুধুমাত্র অর্থোপার্জনের পেশা হিসাবেই গ্রহণ করেছে, তার চেয়ে বেশী কিছু নয়।

ত্রিপুরা রাজ্যের সচেতন শিক্ষক-শিক্ষিকা এবং প্রধান শিক্ষক - প্রধান শিক্ষিকাগণ আমার সঙ্গে একমত হবেন যে, ভবিষ্যৎ প্রজন্মের গবেষণাগার এবং সুনাগরিক গড়ার নির্বিকল্প ক্ষেত্র বিদ্যালয় শিক্ষা ব্যবস্থাকে এভাবে চলতে দেওয়া যায় না। অনেক দেরী হয়ে গেছে, পেছনে তাকিয়ে আর সময় নষ্ট করার কোন সুযোগ নেই। আমার অনুরোধ, আসুন আমরা সকলে মিলে শিক্ষা ব্যবস্থায় একটা গুণগত পরিবর্তনের অঙ্গীকার গ্রহণ করি। জীবনের বিভিন্ন ক্ষেত্রে ত্রিপুরা রাজ্যের সচেতন জনসাধারণ যদি সাফল্যের শিরোপা অর্জন করতে পারে, তাহলে শিক্ষা-দীক্ষায় সুযোগ্য শিক্ষক-শিক্ষিকাগণ কেন শিক্ষা ব্যবস্থার পরিচালনায় আমূল পরিবর্তন আনয়ন এবং সন্তোষজনক জীবনোপযোগী উন্নতমানের শিক্ষাদান করার গুরুত্বপূর্ণ ব্রতকে চ্যালেঞ্জ হিসাবে গ্রহণ করতে পারবে না।

আমার দৃঢ় বিশ্বাস ও প্রত্যাশা এই যে, ত্রিপুরা রাজ্যের শিক্ষক-শিক্ষিকাদের এই চ্যালেঞ্জ মোকাবিলা করার সাহস, শক্তি ও আন্তরিকতা রয়েছে।

সুষ্ঠু বিদ্যালয় পরিচালনা এবং গুণগতমানের শিক্ষাপ্রদানের চ্যালেঞ্জকে সফল ও বাস্তবায়িত করার জন্য আমি ত্রিপুরা রাজ্যের সমস্ত সুযোগ্য শিক্ষক-শিক্ষিকাদের কাছে জোরালো আবেদন করছি আসুন আমরা বিদ্যালয় পরিচালনায় নিম্নলিখিত পদক্ষেপ সমূহ গ্রহণ করি,

- প্রতিটি বিদ্যালয়ে সমঝোতাহীন ভাবে নিয়ম-শৃঙ্খলা মেনে চলা।
- শিক্ষক-শিক্ষিকাদের নিয়মিত বিদ্যালয়ে উপস্থিতিকে সুনিশ্চিত করা।
- পরিবর্ত শিক্ষক (Proxy Teacher) নিয়োগ করার অবৈধ ব্যবস্থা নির্মূল করা।
- সকল শিক্ষার্থীদের বিদ্যালয়ে নিয়মিত উপস্থিতিকে নিশ্চিত করা।
- শ্রেণী শিক্ষাদানকে আকর্ষণীয়, আনন্দজনক, স্বতস্ফূর্ত এবং অংশগ্রহণমূলক (Participatory) করে তোলা।
- শিক্ষাদান প্রক্রিয়ায় শিক্ষাদান পরিকল্পনা (Lesson Plan), শিক্ষাদান বিষয়ক পঞ্জী (Teacher Diary) এবং উদ্ভাবনীমূলক শিক্ষা সহায়ক সামগ্রীর (Innovative Teaching Learning Materials) নিয়মিত ব্যবহার সুনিশ্চিত করা।
- শিক্ষার্থীদের দুর্বলতা চিহ্নিত করে নিরাময়মূলক (Remedial Teaching) শিক্ষাদান করা। ধারাবাহিক সার্বিক মূল্যায়ন পদ্ধতির (CCE) মাধ্যমে শিক্ষার্থীর শিক্ষার বিজ্ঞানসম্মত মূল্যায়ন করা।
- বিদ্যালয়ে শিক্ষা সহায়ক কর্মসূচী নিয়মিত সংগঠিত করা।
- বিদ্যালয় পরিচালনায় ত্রিস্তরীয় পঞ্চায়েত, মাতা-পিতা, অভিভাবক-অভিভাবিকা, স্থানীয় শিক্ষাদরদী জনগণের অংশগ্রহণকে প্রাতিষ্ঠানিক রূপ দেওয়া।
- ব্লক এবং ক্লাস্টার রিসোর্স পার্সনদের অভিজ্ঞতা ও দক্ষতাকে যথার্থভাবে কার্যকর করে তোলা।
- বিদ্যালয়ের প্রতিটি কর্ম দিবসের পূর্ণ সময় সৎ ব্যবহার করা এবং তুচ্ছ কারণে ছুটি দিয়ে দেওয়ার প্রবণতা রোধ করা।

পরিশেষে আমার গভীর প্রত্যাশা এই যে, ত্রিপুরা রাজ্যের সুযোগ্য, সচেতন শিক্ষক শিক্ষিকা এবং প্রধান শিক্ষক - প্রধান শিক্ষিকাগণ তাদের দক্ষতা, অভিজ্ঞতা, বলিষ্ঠ নেতৃত্ব, আন্তরিকতা, সামাজিক দায়বদ্ধতা এবং সুগভীর দূরদৃষ্টির সাহায্যে বিদ্যালয় শিক্ষাব্যবস্থার পরিচালনায় আমূল ও ইতিবাচক পরিবর্তন আনতে সক্ষম হবেন। ফলশ্রুতি স্বরূপ গুণমানের শিক্ষা প্রদানের লক্ষ্যে পৌঁছানো সম্ভব হবে।

CHAPTER - II

No .F.13 (4-15)-SE/GL-1/2014
Government of Tripura
Directorate of School Education
(General Section - I)

Dated, Agartala, the ...13.../...10.../2014.

M E M O

Subject: - Action points emerged following the review meetings taken by the Hon'ble Chief Minister – instructions regarding.

Issues of improving quality of education and effective functioning of schools are engaging the attention of the Government at the highest levels. This is essentially required to address major concerns of the community and stakeholders regarding classroom teaching, effective learning by students, attendance of students and teachers etc. Hon'ble Chief Minister and Minister, Education (School) conducted four review meetings during August/September, 2014 including interaction with more than 200 Headmasters from 8 districts. Several instructions were issued on specific issues from time to time. To re-draw the attention of Headmasters/Teachers-In-Charge for improving functioning of schools by involving all the key stakeholders the following instructions in the form of action points are issued for strict compliance:-

SLNo.	Action Point	Manner as to how action needs to be taken
1	Attendance of Teachers	<ul style="list-style-type: none">• At least 95% attendance of teachers must be ensured.• Participation in the Prayer meeting by all teachers.• Reading of a quotation or message with moral value of any stalwart may be done by a student with explanation by a teacher may be introduced.• Teachers should not be allowed to leave before the scheduled school hours.• Teachers may be allowed to take leave with prior permission/sanction.• Proxy Teacher shall not be allowed and stern action has to be taken against the teacher engaging the proxy teacher including the HM.• Overall discipline including punctuality should be maintained at any cost.
2	Attendance of Students	<ul style="list-style-type: none">• Poor attendance of students is a major concern.• Minimum 85% attendance must be ensured.• Help of SMC and parents may be sought to enhance attendance.

		<ul style="list-style-type: none"> • 100% retention up to Class X has to be ensured. • Child Tracking System, as instructed earlier, may be introduced.
3	Classroom Teaching	<ul style="list-style-type: none"> • Classroom teaching should get the top most priority. • Teacher-Students interaction may be developed and improved. • Class Teaching should be attractive and for that teachers shall have to evolve effective methods.
4	Use of Teaching Learning Materials (TLMs), Teacher's Diary & Lesson Planning.	<p>With an objective to impart effective class teaching-learning, each HM shall ensure:</p> <ul style="list-style-type: none"> • Use of TLMs • Maintenance of Teacher's Diary • Preparation of Lesson planning to be adopted by each individual teacher of a school.
5	Evaluation	<ul style="list-style-type: none"> • Other than quarterly, half-yearly and annual examination system, subject-wise monthly examination may be introduced class-wise. • Evaluated answer scripts must be distributed amongst the students after 7(seven) days from the date of examination held on a subject in case of Quarterly/Monthly Unit Tests. • Result should be published within 15 days in case of Half Yearly and Annual Examinations for the classes I-IX & XI and Pre-Test and Test Examinations for classes X & XII. • There should be a system of proper counselling of students by the concerned teacher. • If necessary special coaching classes may be organised for a particular subject(s) according to the convenience of the teacher concerned.
6	Cleaning of School	<ul style="list-style-type: none"> • Cleaning of School compound should be a regular activity of a particular class(s) of students for a particular day under the guidance of one or two particular teacher(s). • Students of a particular class should clean their own classroom every day.

7	Mid-Day Meal Programme (MDM)	<ul style="list-style-type: none"> • Quality of food must be ensured. • Regular cleaning of kitchen and dining hall must be ensured. • One teacher or a group of teachers may be entrusted to run and take care of MDM programme for three months at a time and may be replaced thereafter.
8	Drinking Water & Sanitation	<ul style="list-style-type: none"> • Maintenance of source of drinking water and sanitation points may be ensured. • Where there is no existence of these sources, action shall be taken to ensure establishment of such sources within next 6(six) months.
9	Literacy & Cultural Activities	<ul style="list-style-type: none"> • These activities include awareness generating programmes on themes like literacy, sanitation, environment, importance of plantation of trees, blood donation, discussion on life and works of great men, conduct of 'Sahitya Sabha' etc. in each and every School. • These should be organised once in a week, preferably on every Saturday for 1(one) hour after the class works. • Students at times teachers may also participate in the performance of these activities.
10	Games & Sports	<ul style="list-style-type: none"> • Once in every week class-wise programme of sports may be organized. • Practice of Yoga may be introduced.
11	Core Committee	<ul style="list-style-type: none"> • Every school should form one Core Committee. HM/AHM and Secretary of Teachers' Council will form this Committee. If necessary one more senior teacher may be included. • This Committee will see the internal administration of the school, such as improvement of classroom teaching, attendance of teachers and students, quality of Mid-day-meal, cleanliness etc., in a regular manner. • This Committee shall meet once in a week to take stock of the school as a whole of its overall performance. • This Committee after their weekly meeting time to time may take necessary step(s) to improve the overall performance of the School.
12	Teachers' Council	<ul style="list-style-type: none"> • Every month there should be meeting of the Teachers' Council. • One of the important items of discussion should be the observation(s) of the Core Committee.

13	School Management Committee (SMC)	<ul style="list-style-type: none"> • The SMC shall be formed as per the provisions of the Right of Children to Free and Compulsory Education Rules (Tripura), 2011. • This Committee shall consist of minimum of 12 members and maximum of 24 members. 75% of the members shall be from amongst parents/guardians of children and 25% from amongst elected members of Local Authority, teachers of the school and students. • This Committee shall meet at least once in two months. • This Committee will discuss and advise about the improvement of overall performance of the School. • This Committee should render help if the Core Committee seeks any help from this Committee
14	Parent-Teachers' Meet	<ul style="list-style-type: none"> • This Meet should be organised at least twice (February and September) in every year. • HM, on behalf of the SMC, will submit a report to this meeting on which discussion will be organised. • Parents may be requested to help in a pinpointed manner. • Parents may also ask to undertake some measures by the teachers, which the concerned teachers will have to accomplish.
15	Inspection of Schools	<ul style="list-style-type: none"> • Inspection of each and every school shall have to be conducted at least twice in a year with proper interval and gap. • Whatever observation(s), having been made by the Inspecting Officer, shall have to be followed and addressed by the school authority under the guidance of the concerned HM. • Inspecting Officer should also observe whether the previous instructions were carried out and any improvement is there or not. • Inspecting Officer should submit his report of inspection to the higher authority for appropriate instruction.
16	Block Resource Persons (BRP) and Cluster Resource Persons (CRP)	<ul style="list-style-type: none"> • Concerned HMs shall properly supervise the work of BRP/CRPs in the matter of monitoring academic performance of individual teachers on their classroom delivery at the elementary level. • DEOs and Inspectors of Schools are asked to evaluate performance of BRPs/CRPs meticulously and recommend only the names of excellent workers. • Steps should be taken for disengagement of underperformers and aged Resource Persons and recruit new ones.

17	Financial Management	<ul style="list-style-type: none"> • All financial transactions shall be carried out with transparency. • Payments shall be made by cheques as per the guidelines of the Finance Department. • Cash books shall be updated on daily basis for the sake of financial discipline. • All cheque books shall be retained under the custody of the DDO. • No liquid cash shall remain with the Cashier.
----	----------------------	---

In view of the above, all concerned are required to take all necessary actions. The concerned State/District/Block level officers including the DEOs/ISs must take relevant actions and monitor implementation of the above action points by the HMs/TICs for the sake of orderly and effective functioning of schools.

18. The action taken report must be submitted by the DEOs/ISs by 15th of every month, after receipt of same from all H.Ms to the Director, School Education.


 13/10/14
 (Dr. K. Rajeswara Rao)
 Principal Secretary

To

1-8. The District Education Officer,
 West/Khowai/Sepahijala/South/
 Gomati/North/Unakoti & Dhalai
 with direction to circulate the Memo to all HMs/TICs of High
 and Higher Secondary schools under their control.

9. The Principal Officer (Education), TTAADC.

10-51. The Inspectors of Schools (State & TTAADC)
 with direction to circulate the Memo to all HMs/TICs under their control.

Copy to:-

1. PS to the Hon'ble Chief Minister, Tripura for kind information of the Hon'ble CM.
2. PS to the Hon'ble Minister for Education (School) Department, Tripura for kind information of the Hon'ble Minister.
3. PS to the Hon'ble Chief Executive Member, TTAADC, Khumlung for kind information of the Hon'ble CEM.
4. PS to the Hon'ble Executive Member (Education), TTAADC, Khumlung for kind information of the Hon'ble EM.
5. Chief Executive Officer, TTAADC, Khumlung.
6. Addl. Secretary & Director, Education (School) Department.
7. SPD, SSA Rajya Mission, Agartala.
8. Director, Youth Affairs and Sports Department for information and necessary.
9. Director, SCERT, Agartala.
10. All Branch Officers in the Directorate of School Education, Agartala.


 13/10/14
 (Dr. K. Rajeswara Rao)
 Principal Secretary

প্রধান শিক্ষক ও প্রধান শিক্ষিকাদের উদ্দেশ্যে বিদ্যালয় পরিচালনার সার্বিক উন্নতি সাধনের লক্ষ্যে প্রয়োজনীয় নির্দেশাবলী

শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং বিদ্যালয়ের সার্বিক পরিচালনার কার্যকর উন্নয়ন- এই দুটি বিষয় বর্তমানে রাজ্য সরকারের সর্বোচ্চ বিবেচনায় রয়েছে। শ্রেণী শিক্ষাদান কার্য, শিক্ষার্থীদের কার্যকর শিক্ষার্জন, শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতি ইত্যাদি বিষয়ে এলাকার জনগণ এবং অন্যান্য সংশ্লিষ্ট সকলের বিশেষ উদ্বেগ ও চিন্তাকে মাথায় রেখে সমস্যা সমাধান করা অত্যন্ত জরুরী হয়ে পড়েছে। বিগত আগস্ট ও সেপ্টেম্বর, ২০১৪ইং মাসে মাননীয় মুখ্যমন্ত্রী এবং বিদ্যালয় শিক্ষামন্ত্রী চারটি বড় সভায় আট জেলা থেকে আগত দুই শতাধিক প্রধান শিক্ষক ও প্রধান শিক্ষিকাদের উপস্থিতিতে বিদ্যালয় শিক্ষা ব্যবস্থার পুঙ্খানুপুঙ্খ পর্যালোচনা করেন এবং বিদ্যালয় পরিচালনার বিভিন্ন বিষয়ে প্রধান শিক্ষক ও প্রধান শিক্ষিকাদের সঙ্গে সরাসরি মত বিনিময় করেন। পর্যালোচনা সভার পরিপ্রেক্ষিতে পরবর্তী সময় প্রয়োজনীয় বিভিন্ন নির্দেশাবলী জারি করা হয়। স্থানীয় অংশীদারী জনগণের সক্রিয় অংশগ্রহণের মাধ্যমে বিদ্যালয় পরিচালনা ব্যবস্থার সার্বিক কার্যকর উন্নয়নের বিষয়ে সকল প্রধান শিক্ষক ও প্রধান শিক্ষিকাদের বিশেষভাবে দৃষ্টি আকর্ষণ করার লক্ষ্যে কর্ম পরিকল্পনার (Action Plan) আদলে নিম্নলিখিত নির্দেশাবলী কঠোরভাবে মেনে চলার জন্য জারি করা হল :-

১. শিক্ষক-শিক্ষিকাদের নিয়মিত বিদ্যালয়ে উপস্থিতি

একটি বিদ্যালয়কে সফল ও সার্থকভাবে পরিচালনা করার অন্যতম প্রাক্ শর্ত হচ্ছে বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকাদের নিয়মিত উপস্থিতিকে যে কোন মূল্যে সুনিশ্চিত করা। আর এই কাজটি করতে গেলে নিম্নলিখিত পদক্ষেপ সমূহ গ্রহণ করতে হবে :-

- সকল শিক্ষক-শিক্ষিকাদের ৯৫% কর্মদিবসে বিদ্যালয়ে উপস্থিতিকে সুনিশ্চিত করা।
- প্রার্থনা সভায় সমস্ত শিক্ষক-শিক্ষিকাদের উপস্থিতি থাকা বাধ্যতামূলক করা। প্রার্থনা সভায় কোন মহান মনীষীর নৈতিক মূল্যবোধ বিষয়ক উক্তি বা বাণী কোন ছাত্র বা ছাত্রীকে দিয়ে পাঠ করানো এবং কোন শিক্ষক-শিক্ষিকাকে দিয়ে তার তাৎপর্য ব্যাখ্যা করানো।
- বিদ্যালয় চলাকালীন সময়ে কোন শিক্ষক-শিক্ষিকা যাতে বিদ্যালয় ত্যাগ না করে তা নিশ্চিত করা।
- শিক্ষক-শিক্ষিকারা আগাম অনুমতি নিয়ে ছুটি ভোগ করবে।
- পরিবর্ত শিক্ষক (Proxy Teacher) নিয়োগ করার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বন করা।
- বিদ্যালয়ে সার্বিক শৃঙ্খলা ও নিয়মানুবর্তিতা যে কোন মূল্যে বজায় রাখা।

২. শিক্ষার্থীদের বিদ্যালয়ে নিয়মিত উপস্থিতি সুনিশ্চিত করা

উন্নত ও উৎকৃষ্ট শিক্ষা ব্যবস্থার অন্যতম শর্ত হচ্ছে শিক্ষার্থীদের নিয়মিত বিদ্যালয়ে উপস্থিত হওয়া এবং পুরো সময় মনযোগ সহকারে পঠন-পাঠনের কাজে তাদের অংশগ্রহণকে সুনিশ্চিত করা। এক্ষেত্রে নিয়মানুবর্তিতাকেও কঠোরভাবে অনুসরণ করতে হবে। এই দুটি গুরুত্বপূর্ণ কাজকে সফলভাবে রূপায়ণ করতে গেলে নিম্নলিখিত বিষয়গুলিতে সতর্ক দৃষ্টি রাখতে হবে :-

- এটা সুনিশ্চিত করা যাতে শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতির হার কমপক্ষে ৮৫% থাকে।

- বিদ্যালয় পরিচালন সমিতির সদস্য/সদস্যা এবং মাতা-পিতাদের সহায়তায় শিক্ষার্থীদের বিদ্যালয়ে উপস্থিতির হার বৃদ্ধি করা।
- দশম শ্রেণী পর্যন্ত ১০০% শিক্ষার্থীকে শিক্ষা সমাপ্ত না হওয়া পর্যন্ত শিক্ষা ব্যবস্থায় ধরে রাখতে হবে (Retention)।
- প্রতিটি শিশুর প্রতিদিনের বিদ্যালয় উপস্থিতিকে পর্যবেক্ষণ করা (Child tracking)।

৩. শ্রেণী শিক্ষাদান কার্যক্রম

- বিদ্যালয়ে শ্রেণী শিক্ষাদান কাজকে সর্বাধিক প্রাধান্য দিতে হবে।
- শ্রেণী পঠন-পাঠনের সময় শিক্ষক ও শিক্ষার্থীর মধ্যে পারস্পরিক মত বিনিময়ের ব্যবস্থা থাকতে হবে এবং পর্যায়ক্রমে উন্নত করতে হবে।
- শ্রেণী পঠন-পাঠন প্রক্রিয়াকে আকর্ষণীয়, সাবলীল ও সহজবোধ্য করে তুলতে হবে এবং তার জন্য শিক্ষক-শিক্ষিকাদের উদ্ভাবনীমূলক শিক্ষাদান পদ্ধতি অনুসরণ করতে হবে।

৪. শিক্ষাদান সহায়ক সামগ্রী ও শিক্ষাদান বিষয়ক পঞ্জির ব্যবহার এবং পাঠদান পরিকল্পনার অনুসরণ

শিক্ষাদান ও শিক্ষা গ্রহণের গুরুত্বপূর্ণ প্রক্রিয়াকে সহজ, সরল, আকর্ষণীয় ও সাবলীল করে তোলার জন্য প্রধান শিক্ষক/ প্রধান শিক্ষিকা নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করবেন—

- প্রতিটি শ্রেণীর প্রতিটি বিষয়ে শিক্ষাদানের জন্য উদ্ভাবনীমূলক শিক্ষা সহায়ক সামগ্রী (Innovative TLM) নিয়মিত ও কার্যকর ব্যবহার।
- শ্রেণী শিক্ষাদানকালে শিক্ষক-শিক্ষিকা কর্তৃক শিক্ষাদান বিষয়ক পঞ্জির (Teacher Diary) নিয়মিত ব্যবহার।
- প্রত্যেক শিক্ষক-শিক্ষিকাকে পাঠদান পরিকল্পনা (Lesson Plan) অনুসারে প্রতিটি শ্রেণীর প্রতিটি বিষয়ে শিক্ষাদান করতে অনুপ্রাণিত করা।

৫. শিক্ষার্থীর শিক্ষার মূল্যায়ন (Evaluation)

মাঝাসিক ও বার্ষিক পরীক্ষা ছাড়াও প্রতি মাসে প্রতিটি শ্রেণীর প্রতিটি বিষয়ে শিক্ষার্থীদের শিক্ষার অগ্রগতি ধারাবাহিকভাবে মূল্যায়নের জন্য অন্তর্বর্তী নিরন্তর মূল্যায়ন ব্যবস্থা (Interim Continuous Evaluation) চালু করতে হবে।

- ত্রৈমাসিক ও মাসিক অন্তর্বর্তী মূল্যায়নের উত্তরপত্র পরীক্ষার সাতদিনের মধ্যে শিক্ষার্থীদের দেখাতে হবে।
- প্রথম থেকে একাদশ শ্রেণী পর্যন্ত মাঝাসিক ও বার্ষিক পরীক্ষা এবং দশম ও দ্বাদশ শ্রেণীর প্রাকনির্বাচনী ও নির্বাচনী পরীক্ষার ফলাফল ১৫ দিনের মধ্যে প্রকাশ করতে হবে।
- অপেক্ষাকৃত পিছিয়ে থাকা ও দুর্বল শিক্ষার্থীদের যথার্থভাবে পরামর্শ দানের (Counselling) ব্যবস্থা প্রবর্তন করা।
- প্রয়োজনে শিক্ষক-শিক্ষিকাদের সহায়তায় দুর্বল শিক্ষার্থীদের জন্য বিশেষ শিক্ষাদানের (Special Coaching) ব্যবস্থা করা।

৬. বিদ্যালয় পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা

- প্রতিদিন এক বা দুইজন শিক্ষক-শিক্ষিকার তত্ত্বাবধানে শিক্ষার্থীদের দ্বারা বিদ্যালয় প্রাঙ্গণ পরিষ্কার-পরিচ্ছন্ন করার কাজকে নিয়মিত কর্মসূচীতে পরিণত করা।
- প্রতিটি শ্রেণীর শিক্ষার্থীরা যার যার শ্রেণীকক্ষ প্রতিদিন পরিষ্কার করবে।

৭. মধ্যাহ্ন আহার প্রকল্পে খাদ্যের গুণমান ও নিরাপত্তা বজায় রাখা

মধ্যাহ্ন আহার প্রকল্প রূপায়ণের ক্ষেত্রে খাদ্যের গুণমান ও নিরাপত্তা রক্ষার ব্যাপারে কঠোর সতর্কতামূলক ব্যবস্থা অবলম্বন করা আবশ্যিক। এক্ষেত্রে সামান্যতম অসতর্কতা ও অবহেলা জীবনহানির মত বড় রকমের বিপদ ডেকে আনতে পারে। একজনের অবহেলা শত শত মানুষের বিপদের কারণ হতে পারে। তাই সব প্রধান শিক্ষক/ প্রধান শিক্ষিকাকে এই স্পর্শকাতর বিষয়ে অতদূর প্রহরীর ভূমিকা নিতে হবে। এ ব্যাপারে নিম্নলিখিত গুরুত্বপূর্ণ বিষয়গুলির প্রতি সতর্ক দৃষ্টি রাখতে হবে :-

- খাবারের গুণমান বজায় রাখা এবং কিছুতেই সমঝোতা না করা।
- রান্নাঘর এবং খাবারঘর নিয়মিতভাবে পরিষ্কার রাখা।
- নির্দিষ্ট কোন শিক্ষকের উপর মধ্যাহ্ন আহার প্রকল্প রূপায়ণের দায়িত্ব দীর্ঘসময়ের জন্য না দেওয়া, পালা করে এই দায়িত্ব একজন অথবা একাধিক শিক্ষক-শিক্ষিকার উপর ৩ মাসের জন্য ন্যস্ত করা।

৮. বিশুদ্ধ পানীয়জল ও শৌচাগারের ব্যবস্থা

- প্রতিটি বিদ্যালয়ে বিশুদ্ধ পানীয়জলের উৎস সৃষ্টি করা, ছেলে ও মেয়েদের জন্য পৃথক শৌচাগারের ব্যবস্থা করা এবং তার নিয়মিত রক্ষণাবেক্ষণ করা।
- যে সমস্ত বিদ্যালয়ে পানীয়জল ও শৌচাগারের ব্যবস্থা নেই, সেখানে আগামী ৬ মাসের মধ্যে অবশ্যই তার ব্যবস্থা করা।

৯. সাক্ষরতা ও সাংস্কৃতিক কর্মসূচী

প্রতিটি বিদ্যালয়ে সাক্ষরতা ও সাংস্কৃতিক সচেতনতা সৃষ্টির কর্মসূচীতে নিম্নোক্ত বিষয় সমূহ অন্তর্ভুক্ত হবে—

- সাক্ষরতা, স্বাস্থ্যবিধি, পরিবেশ সুরক্ষা, সবুজায়ন ও বৃক্ষরোপণের গুরুত্ব, রক্তদান, মহামানবের জীবনী ও কর্ম সম্পর্কে আলোচনা ইত্যাদি।
- প্রতিটি সপ্তাহে প্রতি শনিবার শ্রেণী পঠন-পাঠন সমাপ্ত হলে কমপক্ষে ১ ঘণ্টার জন্য সাক্ষরতা ও সাংস্কৃতিক কর্মসূচী আয়োজন করা।
- শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থী সকলে এই সাপ্তাহিক কর্মসূচীতে অংশগ্রহণ করবে।

১০. খেলা-ধূলা ও শরীর চর্চার ব্যবস্থা

- প্রত্যেক শ্রেণীর জন্য সাপ্তাহিক খেলা-ধূলা ও শরীর চর্চার ব্যবস্থা রাখতে হবে।
- যোগ ব্যায়ামকেও এই শরীর চর্চার অন্তর্ভুক্ত করা যেতে পারে।

১১. কোর কমিটি

প্রতিটি বিদ্যালয়কে সুষ্ঠুভাবে ও সাফল্যের সঙ্গে পরিচালনা করতে হলে দৈনন্দিন বিদ্যালয় পরিচালনায় শিক্ষার্থীদের মাতা-পিতা/ অভিভাবক-অভিভাবিকা এবং অন্যান্য স্থানীয় শিক্ষানুরাগী ব্যক্তিবর্গের সক্রিয় অংশগ্রহণকে নিশ্চিত করতে হবে। এলাকার জনগণের আন্তরিক ও সক্রিয় অংশগ্রহণ ব্যতিরেকে বিদ্যালয়ের সুষ্ঠু পরিচালনা ও সাফল্য আশা করা যায় না। বিদ্যালয়ের গুরুত্বপূর্ণ বিষয়গুলির নিয়মিত তদারকি ও তত্ত্বাবধানের জন্য একটি কার্যকরী কমিটি থাকা আবশ্যিক।

- প্রতিটি বিদ্যালয়ে প্রধানশিক্ষক/ প্রধান শিক্ষিকা, সহকারী প্রধান শিক্ষক/ সহকারী প্রধান শিক্ষিকা, শিক্ষক পরিষদের সম্পাদক এবং প্রয়োজনে বরিষ্ঠ কোন একজন শিক্ষক/ শিক্ষিকাকে নিয়ে একটি 'কোর কমিটি' গঠন করতে হবে।
- এই কোর কমিটি বিদ্যালয়ের অভ্যন্তরীণ প্রশাসনিক কার্যাবলী, শ্রেণী শিক্ষাদান কার্য, বিদ্যালয়ে শিক্ষক-শিক্ষিকা ও শিক্ষার্থীদের উপস্থিতি, মধ্যাহ্ন আহারের গুণমান, পরিষ্কার-পরিচ্ছন্নতা ইত্যাদি গুরুত্বপূর্ণ বিষয় নিয়মিতভাবে তদারকি ও পর্যবেক্ষণ করবে।
- এই কোর কমিটি সপ্তাহে একবার সভায় বসে বিদ্যালয়ের কার্যাবলীর সার্বিক অগ্রগতির বিষয়ে পর্যালোচনা করবে।
- এই কমিটি সাপ্তাহিক সভার পর্যালোচনার পরিপ্রেক্ষিতে বিদ্যালয়ের সার্বিক অগ্রগতির জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

১২. শিক্ষক পরিষদ

- প্রতি মাসে বিদ্যালয়ে শিক্ষক পরিষদের সভা হবে।
- শিক্ষক পরিষদের এই মাসিক সভায় অন্যান্য গুরুত্বপূর্ণ বিষয়ের মধ্যে কোর কমিটির পর্যালোচনার বিষয়সমূহ আলোচনা করা হবে।

১৩. বিদ্যালয় পরিচালন সমিতি (SMC)

- শিক্ষা অধিকার আইন ২০০৯ ইং অনুসারে প্রতিটি বিদ্যালয়ে বিদ্যালয় পরিচালন সমিতি থাকবে।
- এই কমিটি ন্যূনতম ১২ এবং সর্বাধিক ২৪ জন সদস্য/ সদস্যা নিয়ে গঠিত হবে। কমিটির সদস্য/ সদস্যাদের মধ্যে ৭৫% থাকবেন শিক্ষার্থীদের মাতা-পিতা অথবা অভিভাবক-অভিভাবিকা এবং ২৫% হবেন নির্বাচিত স্থানীয় কর্তৃপক্ষের সদস্য/ সদস্যা, শিক্ষক এবং শিক্ষার্থী।

- এই কমিটি অন্তত প্রতি দুই মাসে একবার সভায় মিলিত হবে।
- এই কমিটি বিদ্যালয়ের বিভিন্ন বিষয় আলোচনা করে সার্বিক উন্নতি ও প্রগতির জন্য প্রয়োজনীয় পরামর্শ প্রদান করবে।
- বিদ্যালয় পরিচালন সমিতি প্রয়োজনে বিদ্যালয়ের উন্নতি ও সমস্যার সমাধানকল্পে বিদ্যালয়ের কোর কমিটিকে সহায়তা প্রদান করবে।

১৪. শিক্ষক ও অভিভাবক সম্মেলন

- শিক্ষক ও অভিভাবক কমিটির উদ্যোগে বৎসরে দুবার শিক্ষক ও অভিভাবক সম্মেলন অনুষ্ঠিত হবে। প্রথম সম্মেলন হবে ফেব্রুয়ারী মাসে যেখানে বিগত শিক্ষাবৎসরের শিক্ষার অগ্রগতি পর্যালোচনা করা হবে এবং আগামী একবৎসরের শিক্ষা বিষয়ক পরিকল্পনা নিয়ে আলোচনা করা হবে। কমিটির অপর সভাটি ডাকতে হবে সেপ্টেম্বর মাসে যেখানে চলমান শিক্ষাবৎসরের পরিকল্পিত কার্যক্রমের অগ্রগতির অবস্থা পর্যালোচনা করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সুপারিশ প্রদান করা হবে।
- বিদ্যালয় পরিচালন সমিতির পক্ষ থেকে প্রধান শিক্ষক/ প্রধান শিক্ষিকা শিক্ষক- অভিভাবক সম্মেলনে বিদ্যালয়ের সার্বিক বিষয়ে একটি সুসংহত প্রতিবেদন উপস্থাপন করবে। এই প্রতিবেদনের উপর শিক্ষক-অভিভাবক সম্মেলনে উপস্থিত সকলে আলোচনা করবে এবং প্রয়োজনীয় প্রস্তাব গ্রহণ করবে।
- শিক্ষক-অভিভাবক সম্মেলনে উপস্থিত মাতা-পিতা/অভিভাবক-অভিভাবিকাগণকে সুনির্দিষ্টভাবে আলোচনায় অংশগ্রহণ করে সাহায্য করার জন্য অনুরোধ করা হবে।
- এই সম্মেলনে উপস্থিত মাতা-পিতা/ অভিভাবক-অভিভাবিকাগণ শিক্ষাদান সহ বিদ্যালয়ের সার্বিক উন্নয়নের জন্য শিক্ষক-শিক্ষিকাদের বিশেষ পদক্ষেপ নেওয়ার জন্য অনুরোধ করতে পারে। শিক্ষক-শিক্ষিকাদের এই অনুরোধ অনুসারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।

১৫. বিদ্যালয় পরিদর্শন

- অন্তত প্রতি বছরে দুইবার প্রতিটি বিদ্যালয় পরিদর্শন করতে হবে।
- পরিদর্শনকারী আধিকারিকের পর্যবেক্ষণ ও পরামর্শ অনুসারে বিদ্যালয় কর্তৃপক্ষকে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- বিদ্যালয় পরিদর্শনকালে পরিদর্শনকারী আধিকারিক এটা বিশেষভাবে পর্যবেক্ষণ করবেন পূর্ববর্তী সময়ে প্রদত্ত নির্দেশ যথাযথভাবে কার্যকর করা হয়েছে কিনা এবং সেই বিষয়ে অগ্রগতি কতটা হয়েছে।
- পরিদর্শনকারী আধিকারিক তার পর্যবেক্ষণ সম্বলিত সুসংহত প্রতিবেদন উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে পেশ করবেন যার ভিত্তিতে প্রয়োজনীয় নির্দেশ জারি করা হবে অথবা পদক্ষেপ গ্রহণ করা হবে।

১৬. ব্লক এবং ক্লাস্টার রিসোর্স পার্সন

- বিদ্যালয়ের প্রধান শিক্ষক, শিক্ষক-শিক্ষিকাদের শিক্ষাদানগত কাজের উৎকর্ষতা বিকাশের তদারকিতে নিযুক্ত ব্লক এবং ক্লাস্টার রিসোর্স পার্সনদের কার্যধারা যথাযথভাবে পর্যবেক্ষণ করবেন। বিশেষকরে বুনয়াদী স্তরে শিক্ষাদান কার্যে নিয়োজিত শিক্ষক-শিক্ষিকাদের দক্ষতা বিকাশের ক্ষেত্রে ব্লক এবং ক্লাস্টার রিসোর্স পার্সনদের দক্ষতা ও অভিজ্ঞতাকে সদব্যবহার করতে হবে।
- জেলা শিক্ষা আধিকারিক এবং বিদ্যালয় পরিদর্শকগণ যত্নের সঙ্গে ব্লক এবং ক্লাস্টার রিসোর্স পার্সনদের কাজের দক্ষতা মূল্যায়ন করবেন এবং কেবলমাত্র বিশেষ দক্ষতাসম্পন্ন রিসোর্স পার্সনদের পক্ষেই নিয়োগের পুনঃ সম্প্রসারণের জন্য সুপারিশ করবেন।
- যে সমস্ত রিসোর্স পার্সনদের কাজের দক্ষতা ভাল নয় এবং যাদের বয়স বেশী হয়ে গেছে তাদের দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হবে এবং শূন্য পদ নতুন নিয়োগের মাধ্যমে পূরণ করা হবে।

১৭. আর্থিক শৃঙ্খলা কঠোরভাবে অনুসরণ করা

- সমস্ত আর্থিক লেনদেন স্বচ্ছতা বজায় রেখে করতে হবে।
- অর্থ দপ্তরের নির্দেশ অনুসারে সমস্ত লেনদেন চেকের মাধ্যমে করতে হবে।
- আর্থিক শৃঙ্খলা কঠোরভাবে বজায় রাখার জন্য প্রতিদিন ক্যাশবুক আপডেট করতে হবে।
- সমস্ত চেকবুক আর্থিক দায়িত্বপ্রাপ্ত আধিকারিকের (DDO) হেপাজতে থাকবে।
- কোন নগদ অর্থ কিছুতেই ক্যাশিয়ারের কাছে থাকবে না।
- সংশ্লিষ্ট সকলকে উপরিউক্ত কর্মপরিকল্পনা ও নির্দেশাবলী অনুসারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার পরামর্শ দেওয়া হচ্ছে। বিদ্যালয়ের প্রধান শিক্ষক/ প্রধান শিক্ষিকার মাধ্যমে বিদ্যালয় পরিচালনায় আমূল পরিবর্তনের লক্ষ্যে রাজ্য, জেলা ও ব্লক স্তরের সমস্ত আধিকারিকগণকে যথাযথ পদক্ষেপ ও পস্থা অবলম্বন করার জন্য নির্দেশ দেওয়া হচ্ছে। প্রতি ১৫ দিন অন্তর বিদ্যালয় স্তরে গৃহীত পদক্ষেপ সম্পর্কে সুনির্দিষ্ট প্রতিবেদন বিদ্যালয় শিক্ষা অধিকর্তার কাছে প্রেরণ করতে হবে।

বিদ্যালয় শিক্ষা দপ্তর দৃঢ়ভাবে বিশ্বাস করে যে, রাজ্যের সকল প্রধান শিক্ষক/ শিক্ষিকার অনুসরণীয় অনন্যসাধারণ প্রশাসনিক দক্ষতা, সুযোগ্য নেতৃত্ব এবং শিক্ষকতার অত্যুজ্জ্বল গুণাবলী আগামী দিনে রাজ্যের শিক্ষা ব্যবস্থায় একটি নতুন দিগন্ত উন্মোচিত করবে।





সত্যমেব জয়তে

CHAPTER - III

Dr. K. Rajeswara Rao, IAS

PRINCIPAL SECRETARY

Government of Tripura

School Education Department

Secretariat Building, Khejurbagan,

Agartala - 799006, Tripura

Ph. : (0381) 2414127, Fax : (0381) 241412

Email : kr.rao62@nic.in

D.O. Letter written by the Principal Secretary (School Education) to all DEOs, Inspector of Schools, Deputy Inspector of Schools and other Officers for overall improvement of Administrative and Academic functions of Schools.

সেহা নং ১১ (২১ - ৯) - এস ই / এস এস এ / ২০১৫

সূচি,

শ্রীযুক্ত / শ্রীমতী _____

একজন অভিজ্ঞ ও একনিষ্ঠ শিক্ষা আধিকারিক হিসাবে আপনি নিশ্চয়ই অবহিত আছেন যে, ত্রিপুরা সরকারের বিদ্যালয় শিক্ষা দপ্তরের লক্ষ্য, উদ্দেশ্য ও দৃষ্টিভঙ্গি হচ্ছে জাতি-ধর্ম-বর্ণ-ধনী ও দরিদ্র নির্বিশেষে সকলের কাছে শিক্ষার সুযোগ পৌঁছে দেওয়া। শিক্ষার এই অভিমুখকে সামনে রেখে গ্রাম ও শহরের প্রায় সব জনবসতিতে ছেলে মেয়েদের হাতের কাছে বিদ্যালয় স্থাপন করা হয়েছে। আপনি এ ব্যাপারে একমত হবেন যে শিক্ষার সুযোগের ব্যাপক সম্প্রসারণের পাশাপাশি আমাদের রাজ্যে শিক্ষার পরিকাঠামো উন্নয়নের ক্ষেত্রেও উল্লেখযোগ্য সাফল্য অর্জিত হয়েছে।

শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও ব্যাপক পরিকাঠামোগত উন্নয়নের পর এখন আমাদের সকলের মনোযোগ দেওয়া দরকার কী করে বিদ্যালয় শিক্ষা ব্যবস্থার সুষ্ঠু পরিচালনার মাধ্যমে গুণমানের শিক্ষা প্রদানকে নিশ্চিত করা যায়। আমি মনে করি একমাত্র গুণমানের শিক্ষা প্রদানের মাধ্যমেই শিক্ষার্থীদের মানব সম্পদের সুস্বম বিকাশ সম্ভব যা শিক্ষার্থীদের মানবিক মূল্যবোধ সম্পন্ন পূর্ণাঙ্গ মানুষে পরিণত হতে সাহায্য করে।

শিক্ষার এই কাঙ্ক্ষিত লক্ষ্যে পৌঁছানোর জন্য রাজ্য সরকার বহুমুখী পদক্ষেপ গ্রহণ করেছে। আর এই পদক্ষেপ গুলির সফল রূপায়ণের স্বার্থে নিম্নলিখিত উল্লেখযোগ্য ক্ষেত্রে আপনাকে বিশেষ ভূমিকা পালন করতে হবে:

১. নীতি, মূল্যবোধ ও সমাজসেবার শিক্ষা:

শিক্ষার সঙ্গে নীতি, মূল্যবোধ, শ্রদ্ধা, বিনয় ও সমাজসেবার নিবিড় সংযোগ থাকলেই তা শিশুকে পূর্ণাঙ্গ মানুষ হয়ে উঠতে সাহায্য করে। তাই আপনাকে দেখতে হবে যাতে প্রতিটি বিদ্যালয়ে এই বিষয়গুলো নিয়ে শিক্ষক-শিক্ষিকারা শিক্ষার্থীদের সঙ্গে আলোচনা করেন। তবেই শিক্ষার্থীদের মধ্যে নীতি ও মূল্যবোধের ধারণা গড়ে উঠবে, তারা প্রবীণদের প্রতি শ্রদ্ধা ও বিনয় প্রদর্শন করবে এবং পরোপকারের জন্য সমাজসেবার মহৎ আদর্শে উদ্বুদ্ধ হবে। প্রতিদিনের প্রার্থনা সভায় এবং প্রতি শনিবারের সাংস্কৃতিক অনুষ্ঠানে এই মানবিক গুণাবলী ও বিষয় নিয়ে যাতে শিক্ষার্থীদের সাথে আলোচনা হয়, তা নিশ্চিত করতে হবে।

২. গুরুত্বপূর্ণ দিবস উদ্‌যাপন:

শিক্ষার উদ্দেশ্য হচ্ছে শিশুদের স্মরণীয় শিক্ষাবিদ, দেশপ্রেমিক, মহান শহীদ এবং আত্মনিবেদিত সমাজসেবকদের আদর্শে অনুপ্রাণিত করে তোলা। এর ফলে শিশুরা আত্মকেন্দ্রিকতার সংকীর্ণ সীমার বাইরে বৃহত্তর জগতে নিজেদেরকে সামিল করতে পারবে। আপনাকে এটা নিশ্চিত করতে হবে যাতে প্রতিটি বিদ্যালয়ে স্বাধীনতা দিবস, প্রজাতন্ত্র দিবস, নেতাজী জনাজয়ন্তী, রবীন্দ্র - নজরুল - সুকান্ত জনাজয়ন্তী, ভাষা দিবস, জাতীয় সংহতি দিবস ইত্যাদি গুরুত্বপূর্ণ দিনগুলি আন্তরিকতা ও গভীর শ্রদ্ধার সঙ্গে উদ্‌যাপিত হয়।

৩. পরিষ্কার - পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যবিধি:

পরিষ্কার ও পরিচ্ছন্ন শিক্ষার পরিবেশ শিশুকে স্বাস্থ্যসম্মত জীবনযাপনের শিক্ষা দেয়। পাশাপাশি শিশুকে নির্মল মনের অধিকারী হতে সাহায্য করে। আর নির্মল মন শিশুকে শিক্ষার প্রতি মনোযোগী করে তোলে। তাই প্রতিটি শিশুকে পরিষ্কার - পরিচ্ছন্নতা ও স্বাস্থ্যবিধির শিক্ষা বিদ্যালয়ে-ই দিতে হবে। এই শিক্ষা স্বচ্ছ সমাজ ও পরিচ্ছন্ন দেশ গড়ার পথ সুগম করবে। এটা দেখতে হবে

Amr

প্রতিটি বিদ্যালয়ে যাতে নিয়ম করে প্রতি মাসে অন্ততঃ একদিন ব্যাপক সাফাই করা হয় এবং প্রতিদিন যাতে ছাত্র-ছাত্রীরা যার যার শ্রেণীকক্ষ এবং তার আশেপাশের এলাকা পরিষ্কার করে। বিদ্যালয়ের শিক্ষক - শিক্ষিকাদের এ বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ নিতে হবে।

৪. পাঠ্যপুস্তক ও বিদ্যালয়ের শোষক বিতরণ:

সর্বশিক্ষা অভিযান প্রকল্পে ২০১৪ ইং সনের বার্ষিক পরীক্ষার ফলাফল ঘোষণার দিন-ই ছাত্র-ছাত্রীদের হাতে পাঠ্যপুস্তক তুলে দিয়ে আপনারা প্রশংসা কুড়িয়েছেন। এই সাফল্য আগামী দিনে-ও ধরে রাখার জন্য আপনাকে বলিষ্ঠ পদক্ষেপ নিতে হবে। তাছাড়া বিদ্যালয়ের পোষাক, স্টাইপেন্ড এবং বাইসাইকেল বিতরণ যাতে সময়মত হয়, সেদিকে আপনাকে কড়া নজর রাখতে হবে।

৫. সবুজায়ন:

ফুলের বাগান, ফলের বাগান, সজ্জি বাগিচা এবং বৃক্ষরোপণের শিক্ষা যাতে শিক্ষার্থীরা বিদ্যালয়ে-ই লাভ করতে পারে, তার জন্য শিক্ষক-শিক্ষিকাদের উদ্বুদ্ধ করতে হবে। কারণ সবুজায়নের মাধ্যমে শিক্ষার্থীরা জীবনের সঙ্গে প্রকৃতির অবিচ্ছেদ্য ও গুরুত্বপূর্ণ সম্পর্কের বিষয়ে অকণ্ট হতে পারে। বাস্তব অভিজ্ঞতার নিরীখে-ই শিক্ষার্থীরা এই বিষয়টি উপলব্ধি করতে পারবে।

৬. প্রবহমান ও সার্বিক মূল্যায়ন (CCE):

শিক্ষার অধিকার আইন ২০০৯ইং অনুসারে রাজ্য সরকারের বিদ্যালয় শিক্ষা দপ্তর ১লা জানুয়ারী ২০১৫ইং সাল থেকে ১ম থেকে ৮ম শ্রেণী পর্যন্ত শিক্ষার্থীদের শিক্ষার প্রবহমান ও সার্বিক মূল্যায়নের জন্য বিশেষ পদ্ধতি প্রবর্তন করেছে।

বিদ্যালয় পরিদর্শনকালে এই পদ্ধতির অন্তর্গত নিম্নলিখিত প্রক্রিয়াগুলির পর্যবেক্ষণ করতে হবে:

- পাঠদান পরিকল্পনার (LESSON PLAN) যথার্থ ব্যবহার হচ্ছে কিনা,
- শিক্ষক শিক্ষিকারা শিক্ষক-পঞ্জীতে (Teacher Diary) শ্রেণী পঠন পাঠন প্রক্রিয়ার বিবরণ লিপিবদ্ধ করছেন কিনা,
- শ্রেণী পাঠদান কালে কঠিন বিষয়কে সহজ ও সরল ভাবে বোঝানোর জন্য উদ্ভাবনীমূলক শিক্ষা সহায়ক সামগ্রী (Innovative TLMs) কার্যকর ভাবে ব্যবহার করছে কিনা,
- শিক্ষাদান কালে দুর্বল শিক্ষার্থীদের দুর্বলতা চিহ্নিত করে তা কাটিয়ে উঠার জন্য নিরাময় মূলক শিক্ষা (REMEDIAL TEACHING) দেওয়া হচ্ছে কিনা, এবং শিক্ষার্থীদের ধারাবাহিক শিক্ষার অগ্রগতির বিবরণ লিপিবদ্ধ করা হচ্ছে কিনা।

৭. বিদ্যালয় পরিদর্শন ও পর্যবেক্ষণ:

প্রতিমাসে আপনাকে বিদ্যালয় পরিদর্শনের নির্ধারিত লক্ষ্য পূরণ করতে হবে। বিদ্যালয় পরিদর্শনের সময় পঠন-পাঠন প্রক্রিয়ার উপর বেশী গুরুত্ব আরোপ করতে হবে। সার্বিক ভাবে পরিদর্শনকালে নিম্নলিখিত গুরুত্বপূর্ণ বিষয় সমূহ পর্যবেক্ষণ করতে হবে:

- শিক্ষার্থী ও শিক্ষক-শিক্ষিকাদের বিদ্যালয়ে উপস্থিতির ক্ষেত্রে সময়ানুবর্তিতা (Punctuality) এবং নিয়মানুবর্তিতা (Regularity),
- সার্বিক নিয়ম-শৃঙ্খলা ও পরিষ্কার-পরিচ্ছন্নতা এবং কাজের সময়ের সম্পূর্ণ সদ্যবহার,
- শ্রেণী পাঠদান প্রক্রিয়ায় শিক্ষক-শিক্ষিকাদের ভূমিকা ও সহপাঠ্যক্রমিক কার্যাবলীর (Co-curricular Activities) রূপায়ণ,
- মধ্যাহ্ন আহার প্রকল্পের রূপায়ণ,
- বিদ্যালয় পরিচালন সমিতির (SMC) মাসিক সভার নিয়মিত আয়োজন,
- বিদ্যালয় পরিদর্শনকালে পর্যবেক্ষণের উপর অনুসারী পদক্ষেপ (Follow up action) গ্রহণ।

৮. শিক্ষার গুণমান ও উৎকর্ষতার বিকাশ:

বিদ্যালয় পরিদর্শনকালে আপনাকে বিশেষভাবে পর্যবেক্ষণ করতে হবে শিক্ষার্থীদের শিক্ষার গুণমান ও উৎকর্ষতা বিকাশে শিক্ষক-শিক্ষিকারা সক্রিয় এবং যত্নবান কিনা। এক্ষেত্রে নিম্নলিখিত বিষয় সমূহের উপর গুরুত্ব আরোপ করতে হবে :

- CCE অনুসারে পঠন-পাঠন প্রক্রিয়া চলছে কিনা,
- শিক্ষক-শিক্ষিকারা পাঠদান বিষয়ে একনিষ্ঠ, আন্তরিক ও যত্নবান কিনা,
- প্রতিটি শ্রেণী পাঠের পূর্ণ সময় সংব্যবহার করা হচ্ছে কিনা,
- পঠন-পাঠন প্রক্রিয়া শিশুকেন্দ্রীক (Child Centric) কিনা, অর্থাৎ শিক্ষার্থীরা এই প্রক্রিয়ায় প্রশ্নোত্তরের মাধ্যমে সক্রিয়ভাবে অংশগ্রহণ করছে কিনা,
- শিক্ষাদান প্রক্রিয়া সক্রিয়তাভিত্তিক (Activity-based) কিনা,
- শিক্ষার্থীরা শিক্ষা এবং অন্যান্য সহপাঠ্যক্রমিক কার্যাবলীতে অংশ গ্রহণ করেছে কিনা।

৯. ব্লক এবং ক্লাস্টার রিসোর্স পার্সনদের ভূমিকার তদারকীকরণ:

সর্বশিক্ষা অভিযান প্রকল্পে নিযুক্ত ব্লক এবং ক্লাস্টার রিসোর্স পার্সনদের দৈনন্দিন কার্যাবলীর নিবিড় তদারকী আপনাকে করতে হবে। এক্ষেত্রে ব্লক এবং ক্লাস্টার রিসোর্স কোর্ডিনেটরদের সঙ্গে আপনাকে সংযোগ সাধন করতে হবে। কারণ রিসোর্স পার্সনরা কোর্ডিনেটরদের অধীনেই মূলত দায়িত্ব পালন করে। রিসোর্স পার্সনদের কার্যাবলী এবং ভূমিকা পর্যবেক্ষণ করতে গেলে নিম্নলিখিত বিষয়গুলোর উপর নজর রাখতে হবে:

- উপস্থিতির ক্ষেত্রে তাদের সময়ানুবর্তিতা ও নিয়মানুবর্তিতা,
- শিক্ষক-প্রশিক্ষণ চলাকালীন তাদের ভূমিকা কার্যকর ও সঠিক কিনা,
- শিক্ষাদান প্রক্রিয়া, পাঠ্যক্রম, পাঠ্যসূচী, শিক্ষার মূল্যায়ন (CCE) ইত্যাদি বিষয়ে রিসোর্স পার্সনগণ যথার্থভাবে সচেতন কিনা,
- উদ্ভাবনীমূলক শিক্ষাদান সহায়ক সামগ্রী (Innovative TLM) প্রস্তুতির বিষয়ে তারা কতটা দক্ষ,
- বিদ্যালয় পরিদর্শনকালে তাদের ভূমিকা শিক্ষক-শিক্ষিকাদের কাছে ফলপ্রসূ এবং সহায়ক কিনা,
- রিসোর্স পার্সনরা বিদ্যালয় পরিদর্শনকালে আদর্শ-পাঠদান (Model Teaching) প্রক্রিয়ায় অংশগ্রহণ করে কিনা,
- তাদের প্রশিক্ষণে শিক্ষক-শিক্ষিকাগণ কতটুকু অনুপ্রাণিত ও প্রভাবিত হয়,
- রিসোর্স পার্সনদের পর্যবেক্ষণকালীন প্রস্তাবের অনুসারী পদক্ষেপ গ্রহণকে নিশ্চিত করা (Follow-up action on suggestion of Resource Persons),
- শ্রেণী পঠন-পাঠন প্রক্রিয়ার উৎকর্ষ বিকাশে রিসোর্স পার্সনদের দক্ষতা ও ক্ষমতাকে সম্পূর্ণভাবে সদ্ব্যবহার করা।

১০. বিদ্যালয় পরিচালন সমিতি (SMC)

দৈনন্দিন বিদ্যালয় পরিচালনা এবং বিদ্যালয়ের সামগ্রিক উন্নয়নের লক্ষ্যে বিদ্যালয় পরিচালন সমিতির ভূমিকা ও অংশগ্রহণকে শক্তিশালী করার জন্য নিম্নলিখিত বিষয়গুলোর উপর আপনাকে বিশেষ নজর দিতে হবে:

- বিদ্যালয় পরিচালন সমিতির নিয়মিত মাসিক সভার আয়োজন নিশ্চিত করা,
- মাসিক সভায় সদস্য/সদস্যদের নিয়মিত উপস্থিতি নিশ্চিত করার লক্ষ্যে তাদের অনুপ্রাণিত ও উদ্বুদ্ধ করা,
- সদস্য/সদস্যদের সঙ্গে পূর্বাঙ্কে আলোচনা করে তাদের সুবিধা /অসুবিধা অনুসারে প্রয়োজনে মাসিক সভার তারিখ পরিবর্তন করা,
- মাসিক সভায় সমস্ত কর্মসূচী সম্পর্কে আলোচনা করা যাতে করে সদস্য/সদস্যারা সব বিষয়ে অবগত হয়ে সচেতন হতে পারে,
- শিক্ষাদান প্রক্রিয়া পঠন-পাঠন ও শিক্ষার্থীদের অগ্রগতি ও সমস্যার বিষয়ে সদস্য/সদস্যদের সম্যক্ ভাবে অবহিত করা,
- বিভিন্ন কর্মসূচীতে মঞ্জুরীকৃত ও প্রাপ্ত অর্থরাশি সম্পর্কে সকলকে অবগত করা এবং কর্মসূচী রূপায়ণে প্রয়োজনীয় সিদ্ধান্ত গ্রহণ করা,

- বিদ্যালয়ে নিয়ম শৃঙ্খলা রক্ষা করা, সার্বিক সুন্দর পরিবেশ বজায় রাখা এবং বিদ্যালয়ের সম্পদ সুরক্ষার ব্যাপারে সদস্য/সদস্যদের সহায়তা নিশ্চিত করা।

১১. মধ্যাহ্ন আহার প্রকল্প:

বিদ্যালয় পরিদর্শন কালে অন্যান্য বিষয়ের সঙ্গে মধ্যাহ্ন আহার প্রকল্পের রূপায়ণ বিশেষভাবে পর্যবেক্ষণ করবেন। এই প্রকল্পটি একদিকে যেমন অতীব গুরুত্বপূর্ণ অন্যদিকে এটি ততোধিক স্পর্শকাতর। সামান্য অসাবধানতা, অবহেলা ও অসর্তকতার কারণে কোমলমতি শিশুদের জীবনে মারাত্মক বিপদ নেমে আসতে পারে। মধ্যাহ্ন আহার প্রকল্পের সুষ্ঠু ও নিরাপদ রূপায়ণের স্বার্থে আপনাকে নিম্নলিখিত বিষয়গুলির প্রতি সর্তক দৃষ্টি দিতে হবে:

- রান্নাঘর ও তার আশপাশ এবং স্টোর রুমের পরিষ্কার পরিচ্ছন্নতা,
- চাউল, তেল ও অন্যান্য মশলা সামগ্রি পরিষ্কার পরিচ্ছন্ন, সুরক্ষিত ও ঢাকা পাত্রে রাখা হয় কিনা তা দেখা,
- প্যাকেটজাত ও ভালো ব্র্যান্ডের রান্নার উপকরণ, বিশেষতঃ তেল ও মশলা ব্যবহৃত হচ্ছে কিনা, তা পরখ করা,
- জলের উৎস এবং জল রাখার পাত্র পরিষ্কার পরিচ্ছন্ন ও নিরাপদ কিনা তা দেখা,
- রান্না করার বাসন পাত্র পরিষ্কার পরিচ্ছন্ন আছে কিনা তা পরখ করে দেখা,
- রান্নাকর খাবারের গুণমান এবং তা নিরাপদ কিনা তা খেয়ে পরীক্ষা করে দেখা,
- শিশুরা খাওয়ার আগে এবং পরে সাবান দিয়ে ভালো করে হাত ধুচ্ছে কিনা, তা খেয়াল রাখা,
- রান্নাঘরটি অগ্নিনিরাপত্তার দিক দিয়ে সুরক্ষিত কিনা তা ভাল করে দেখা,
- রান্নাঘর ও শৌচাগার যাতে একদম পাশাপাশি না থাকে তা নিশ্চিত করা,
- সাপ্তাহিক খাদ্যতালিকা মেনে চলা হয় কিনা তা লক্ষ্য করা,
